

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মাদক বিরোধী র্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
অনুষ্ঠিত



জীবনকে ভালবাসুন, মাদককে পরিহার করুন ও জাগো সত্যের শুভ্র আলোয়, জাগো হে মিলিত প্রাণ- স্লোগানকে সামনে রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের যৌথ উদ্যোগে ৩১ জুলাই-২০১৮, মঙ্গলবার মাদক বিরোধী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি মোঃ মোখলেছুর রহমান মুকুল-এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক মুকুল জ্যোতি চাকমা বক্তব্য প্রদান করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সাধারণ সম্পাদক মোঃ নাজমুল হুদা-এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (উত্তর) সহকারী পরিচালক মোঃ খোরশিদ আলম, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (দক্ষিণ) সহকারী পরিচালক শামসুল আলম, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম বক্তব্য প্রদান করেন। এছাড়াও প্রক্টর অধ্যাপক ড. নূর মোহাম্মদ, ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. আবদুল অদুদ ও সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. আবুল হোসেন বক্তব্য রাখেন।

এদিকে সকালে এ উপলক্ষে নেশা ছেড়ে কলম ধরি, মাদকমুক্ত সমাজ গড়ি- স্লোগানকে সামনে রেখে মাদক বিরোধী এক র্যালি শহীদ মিনার প্রাঙ্গণ থেকে শুরু হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর নেতৃত্বে র্যালিটি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

আলোচনা অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক কেন্দ্রের শিল্পীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে মধ্যে ছিল- সঙ্গীত, নৃত্য ও

কবিতা আবৃত্তি।এসময় বিভিন্ন অনুষদের ডিন, রেজিষ্ট্ৰাৰ, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে মাদকের বিরুদ্ধে শপথ বাক্য পাঠ করানো হয়।